গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
'দেশী ও বিদেশী উৎস হতে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও
সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রকল্প
বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়
এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭
www.bfa.gov.bd

স্মারক নং-১৫.৫৮.০০০০.১০৮.১১.০০২.২১/১৭৭

তারিখ: ১৮.০৪.২০২২ খ্রিষ্টাব্দ
০৫ বৈশাখ ১৪২৯ বঙ্গাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

'দেশী ও বিদেশী উৎস হতে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রকল্পে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে সাকুল্যে বেতনে নিম্নবর্ণিত পদসমূহে প্রকল্প মেয়াদে (জুন ২০২৪ পর্যন্ত) জনবল নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্রমিক নং | পদের নাম ও সংখ্যা | সর্বসাকুল্য বেতন (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১। | উপ-সহকারী প্রকৌশলী (বিদ্যুৎ/মেইন্টেন্যান্স) | ২৭,১০০/- (গ্রেড-১০) | ০১ (এক) টি | কোন স্বীকৃত ও সরকার অনুমোদিত পলিটেকনিক ইনস্টিটিউট হতে সংশ্লিষ্ট বিষয়ে চার বছরের ডিপ্লোমা ইন ইঞ্জিনিয়ারিং কোর্স পাশ হতে হবে। |
| ২। | সহকারী ক্যামেরাম্যান | ২৭,১০০/- (গ্রেড-১০) | ০২ (দুই) টি | অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৩। | ভিডিও এডিটর | ২৭,১০০/- (গ্রেড-১০) | ০২ (দুই) টি | অভিজ্ঞতাসহ কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি। |
| ৪। | টেকনিশিয়ান | ১৯,৩০০/- (গ্রেড-১৩) | ০১ (এক) টি | স্বীকৃত বোর্ড থেকে বিজ্ঞান বিভাগে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৫। | সহকারী হিসাব রক্ষক | ১৭,৭০৫/- (গ্রেড-১৫) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বানিজ্য বিভাগে স্নাতক ডিগ্রি। |
| ৬। | ডাটা এন্ট্রি অপারেটর | ১৭,০৪৫/- (গ্রেড-১৬) | ০১ (এক) টি | স্বীকৃত বোর্ড থেকে উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী :**

১. নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। বাংলাদেশ ফিল্ম আর্কাইভের ওয়েবসাইটে (www.bfa.gov.bd) আবেদন ফরম পাওয়া যাবে।

২. আবেদনপত্র আগামী ১৯.০৫.২০২২ তারিখ অফিস সময়ের মধ্যে প্রকল্প পরিচালক, 'দেশী ও বিদেশী উৎস হতে মুক্তিযুদ্ধের অডিও ভিজ্যুয়াল দলিল সংগ্রহ ও সংরক্ষণ এবং বাংলাদেশ ফিল্ম আর্কাইভের সক্ষমতা বৃদ্ধি' শীর্ষক প্রকল্প, বাংলাদেশ ফিল্ম আর্কাইভ, এফ-৫, আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭ বরাবর ডাক/কুরিয়ার যোগে পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

৩. আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে: (ক) আবেদনকারীর সদ্যতোলা ৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি, (খ) শিক্ষাগত যোগ্যতার ও অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি, (গ), জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদপত্র, (ঘ) পৌরসভার মেয়র/ওয়ার্ড কমিশনার/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি (ঙ) প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তার নিকট থেকে প্রাপ্ত চারিত্রিক সনদপত্র, (চ) কোটার প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ প্রতিষ্ঠান/কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি, (ছ) প্রার্থীর নাম ও ঠিকানাসম্বলিত ১০ (দশ) টাকা মূল্যমানের অব্যবহৃত ডাকটিকেটযুক্ত ৪১/২"× ৯১/২" সাইজের ১টি ফেরত খাম।

৪. পদসমূহে নিয়োগ প্রকল্প মেয়াদ পর্যন্ত বলবৎ থাকবে।

৫. ১৯.০৫.২০২২ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীরমুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা অথবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বছর। মুক্তিযোদ্ধা কোটার আবেদনের ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। বয়স প্রমাণের জন্য কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৬. জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক ১৯.০৯.২০০৪ তারিখে জারীকৃত সম/সওব্য/টিম-১(২)/১১/২০০৩-১৬৫ সংখ্যক স্মারক অনুসারে সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য।

৭. বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়স শিথিলযোগ্য।

৮. নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত বিধি-বিধান ও কোটাপদ্ধতি অনুসরণ করা হবে।

৯. সরকারি/আধা-সরকারী সংস্থায় চাকুরীরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১০. আবেদনপত্রের সাথে সকল প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ সকল পদের জন্য ১০০/- (একশত) টাকা মাত্র কোড নং- ১-৩৩৭৩-০০০০-২০৩১ এ ট্রেজারি চালানের মাধ্যমে জমা দিয়ে মূল কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। কোন অবস্থাতেই ব্যাংক ড্রাফ্‌ট/পে-অর্ডার গ্রহণযোগ্য হবে না।

১১. ডাটা এন্ট্রি অপারেটর পদে গৃহীত লিখিত পরীক্ষার ফলাফলের ভিত্তিতে নির্বাচিত প্রার্থীর ব্যবহারিক ও মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

১২. প্রার্থীকে লিখিত/ব্যবহারিক/মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. প্রার্থীকে খামের ওপর পদের নাম স্পষ্ট অক্ষরে লিখতে হবে এবং মুক্তিযোদ্ধার সন্তান হলে পোষ্য উল্লেখ করতে হবে।

১৪. ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ এবং নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদনপত্র কোন কারণ দর্শানো ব্যতিরেকে বাতিল বলে গণ্য হবে।

১৫. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার প্রমাণকসহ মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৬. নিয়োগ সংক্রান্ত বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৮/০৪/২২

ড. মোঃ মোফাকখারুল ইকবাল
প্রকল্প পরিচালক

# চাকরির আবেদন ফরম

পাসপোর্ট সাইজের ছবি (সম্প্রতি তোলা তিন কপি)

বরাবর

.....................................................................................................

.....................................................................................................

| | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | পদের নাম : | | | | | | | | | |
| ২. | বিজ্ঞপ্তি নম্বর : | তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |
| ৩. | প্রার্থীর নাম | বাংলা: | | | | | | | | |
| | | ইংরেজীতে (বড় অক্ষরে) : | | | | | | | | |
| ৪. | জাতীয় পরিচয় পত্র নম্বর: | | | | | | | | | (যে কোন একটি) |
| | জন্ম নিবন্ধন নম্বর: | | | | | | | | | |
| ৫. | জন্ম তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র | ৬. জন্ম স্থান (জেলা): |
| ৭. | বিজ্ঞপ্তিতে উল্লিখিত তারিখে প্রার্থীর বয়স: | বছর | মাস | দিন | | | | | | |
| ৮. | মাতার নাম: | | | | | | | | | |
| ৯. | পিতার নাম: | | | | | | | | | |

| | ঠিকানা : | বর্তমান | স্থায়ী |
|---|---|---|---|
| ১০. | বাসা ও সড়ক (নাম/নম্বর): | | |
| | গ্রাম/পাড়া/মহল্লা: | | |
| | ইউনিয়ন/ওয়ার্ড: | | |
| | ডাকঘর: | | |
| | পোস্টকোড নম্বর: | | |
| | উপজেলা: | | |
| | জেলা: | | |

| | | | |
|---|---|---|---|
| ১১. | যোগাযোগ: | মোবাইল/টেলিফোন নম্বর: | ই-মেইল (যদি থাকে): |
| ১২. | জাতীয়তা: | ১৩. | জেন্ডার: |
| ১৪. | ধর্ম: | ১৫. | পেশা: |

১৬. শিক্ষাগত যোগ্যতা:

| পরীক্ষার নাম | বিষয় | শিক্ষা প্রতিষ্ঠান | পাসের সন | বোর্ড/বিশ্ববিদ্যালয় | গ্রেড/শ্রেণি/বিভাগ |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৭. | অতিরিক্ত যোগ্যতা (যদি থাকে): | | | |
| ১৮. | অভিজ্ঞতার বিবরণ ( প্রযোজ্য ক্ষেত্রে): | | | |
| ১৯. | কোটা (টিক দিন): | মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা/পুত্র-কন্যার পুত্র কন্যা | | এতিম/শারীরিক প্রতিবন্ধী |
| | | ক্ষুদ্র নৃ-গোষ্ঠী | আনসার ও গ্রাম প্রতিরক্ষা সদস্য | অন্যান্য (উল্লেখ্য করুন): |
| ২০. | চালান/ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর: | তারিখ: | | |
| | ব্যাংক ও শাখার নামঃ | | | |
| ২১. | বিভাগীয় প্রার্থী কিনা ( টিক দিন) : | হ্যাঁ | না | প্রযোজ্য নয় |

আমি এ মর্মে অঙ্গীকার করছি যে, ওপরে বর্ণিত তথ্যাবলি সম্পূর্ণ সত্য। মৌখিক পরীক্ষার সময় উল্লিখিত তথ্য প্রমাণের জন্য সকল মূল সার্টিফিকেট ও রেকর্ডপত্র উপস্থাপন করব। কোন তথ্য অসত্য প্রমাণিত হলে আইনানুগ শাস্তি ভোগ করতে বাধ্য থাকব।

তারিখঃ

প্রার্থীর স্বাক্ষর